গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rajshahicollegebd@gmail.com website: www.rc.edu.bd
online news portal: rcbarta.com Fax: 0721-771511


স্মারক নং-রাক/.....২০০৪..... তারিখ: ১২/১১/২০১৯

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষার আবেদন ফরম পূরণের জন্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত ছাত্র-ছাত্রীদেরকে ২০১৯ সালের ৩০শে জুন পর্যন্ত বেতন পরিশোধের এবং যে সকল শিক্ষার্থী পরীক্ষার ফরম পূরণ করেনি তাদরকে পুনঃভর্তির মাধ্যমে ফরম পূরণের নির্দেশ দেয়া যাচ্ছে। এ ছাড়াও ছাত্রাবাস/ছাত্রীনিবাস তত্ত্বাবধায়কের এবং স্ব-স্ব বিভাগের সেমিনার-এর পাওনা পরিশোধের ছাড়পত্র সংগ্রহেরও পরামর্শ দেয়া যাচ্ছে। ছাড়পত্রসমূহ সংগ্রহের পর নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি মোতাবেক নিজ নিজ বিভাগে উপস্থিত হয়ে পরীক্ষার ফরম পূরণের কাজ সম্পন্ন করার নির্দেশ দেয়া যাচ্ছে।

**১। আবেদন ফরম পূরণের সময়সূচি:**

| তারিখ | অনার্স বিষয় | সময় | ফরম পূরণের স্থান |
|---|---|---|---|
| ১৪/১১/২০১৯ থেকে ২৩/১১/২০১৯ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) | সকল বিষয় | সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত | স্ব-স্ব বিভাগ |

বিভাগ সমূহ থেকে On-line-এ নিশ্চয়নকৃত বিবরণীর মূল প্রিন্টকপি (বাঁধাইকৃত) ০২ (দুই) সেট ও হিসাব বিবরণী সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট ২৬/১১/২০১৯ তারিখ বেলা ০২:০০ টার মধ্যে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

**২। পরীক্ষার ফিস জমা: (নিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)**

শিক্ষার্থীদের কলেজ ওয়েবসাইট (www.rc.edu.bd) এ প্রবেশ করে অনলাইন ফরম পূরণ মেন্যু ব্যবহার করে ফরম পূরণ প্রক্রিয়া সম্পাদন করবে। Students ID ব্যবহার করে নির্ধারিত ফিসের টাকা ডাচ বাংলা (DBBL) মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আগামী ১৪/১১/২০১৯ থেকে ২৩/১১/২০১৯ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট/নোটিশ কর্নার থেকে ফি'র পরিমাণ জানা যাবে।

**DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:**

ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।
খ) '1' (One) নং পেমেন্ট সিলেক্ট করুন।
গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।
ঘ) Bill No-এ আপনার **Student ID** টি দিন।
ঙ) নির্ধারিত টাকার পরিমাণ লিখুন।
চ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।
ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।
জ) **অনলাইন ফরম পূরণ মেনুতে Student ID** submit করা হলে টাকা জমাদানের **Confirmation Slip** পাওয়া যাবে।
**DBBL Help Line- 16216 (তথ্য পাওয়ার প্রয়োজনে)**

*** যে সকল শিক্ষার্থীর স্মার্টফোন আছে তারা rc.edu.bd/on-line-form-fillup অথবা সরাসরি 180.211.183.206/EasyCollegeMate/hons-form-fillup link-এ প্রবেশ করে নিজেরাই ডাচবাংলা মোবাইল ব্যাংকে ফি পরিশোধ করে **Student ID** সংগ্রহ পূর্বক ফরম পূরণ করতে হবে।

**৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা:**

ক) স্নাতক (সম্মান) পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি-১ কপি করে।
খ) অনলাইন আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করে সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ১ কপি রঙিন ছবি সংযুক্ত করে স্ব স্ব বিভাগের জমা দিতে হবে।
গ) ফরম পূরণের আবেদন ফরমের স্টুডেন্ট কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ শিক্ষার্থীকে সংশ্লিষ্ট বিভাগ ফেরত দিবে।
ঘ) Confirmation Slip-এর ডাউনলোড কপি আবেদনপত্রের সঙ্গে বিভাগে জমা দিতে হবে।

**৪। ফরম পূরণের ফিসের বিবরণ**

| ক্র. নং | ফি এর বিবরণ | ফি এর পরিমাণ |
|---|---|---|
| ১. | তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য (জা:বি:) | ২০০/- |
| ২. | তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য (জা:বি:) | ১৪০/- |
| ৩. | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পত্র / কোর্সের জন্য (জা:বি:) | ২০০/- |
| ৪. | মৌখিক পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জা:বি:) | ২০০/- |
| ৫. | ক) ইনকোর্স পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জা:বি:)-১০০/-<br>খ) ইনকোর্স পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (কলেজের জন্য)-২০০/- | ৩০০/- |
| ৬. | ক) সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জা:বি:)-১০০/-<br>খ) সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (বিভাগীয় ফান্ডে জমা হবে)-১০০০/- | ১১০০/- |
| ৭. | ক) মনোবিজ্ঞান প্র্যাকটিক্যাল রিসার্স/প্রজেক্ট ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জা:বি:)-২০০/-<br>খ) মনোবিজ্ঞান প্র্যাকটিক্যাল রিসার্স/প্রজেক্ট ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (বিভাগীয় ফান্ডে জমা হবে)-১০০০/- | ১২০০/- |
| ৮. | সাময়িক সনদ ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জা:বি:) | ৩০০/- |
| ৯. | নম্বর পত্র ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (জা:বি:) | ৩০০/- |
| ১০. | কেন্দ্র ফি তত্ত্বীয় প্রতি পরীক্ষার্থীর জন্য (কলেজ ফান্ডে জমা হবে) | ৪৫০/- |
| ১১. | কেন্দ্র ফি ব্যবহারিক প্রতি পরীক্ষার্থীর জন্য (কলেজ ফান্ডে জমা হবে) | ১২০/- |
| ১২. | বিশেষ অর্ন্তভুক্তি ফি (প্রতি কোর্স গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পত্র প্রতি ও অন্যান্য ফি এর অতিরিক্ত ফি প্রতি পরীক্ষার) | ৩০০/- |

| | | | |
|---|---|---|---|
| ১৩. | মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) (কলেজের জন্য) | | ৭৫/- |
| ১৪. | ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার ফি | ১ম দিনের জন্য (প্রতি শিক্ষার্থী) | ১৩০/- |
| | | এবং পরবর্তী প্রতিদিনের জন্য (প্রতি শিক্ষার্থী) | ৭৫/- হারে |
| ১৫. | প্রস্তুতিমূলক পরীক্ষার ফি | ৪ ঘন্টার পরীক্ষার জন্য-প্রতি পত্রে নিয়মিত ও অনিয়মিত (যারা পূর্বে পরীক্ষার ফরম পূরণ করেনি) পরীক্ষার্থীর জন্য | ৫০/- |
| | | ৩ ঘন্টার পরীক্ষার জন্য-প্রতি পত্রে নিয়মিত ও অনিয়মিত (যারা পূর্বে পরীক্ষার ফরম পূরণ করেনি) পরীক্ষার্থীর জন্য | ৪০/- |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবেনা।**

৫। **ইনকোর্স পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলীঃ**

আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে অন-লাইনে রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়াল কপির সাথে যাচাই করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সীলগালা করে বিবরণী জমা দেওয়ার সময় উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ৪র্থ বর্ষ অনার্স শাখায় অথবা স্ব-স্ব আঞ্চলিক কেন্দ্রে হাতে হাতে জমা দিতে হবে এবং ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে। মূল ম্যানুয়াল কপি ছাড়া কোন নম্বর গ্রহণ করা হবে না। ইনকোর্স পরীক্ষায় কোন পরীক্ষার্থী অংশগ্রহণ না করলে পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে না।

৬। **অনলাইনে আবেদন ফরম পূরণের নিয়মাবলীঃ**

ক) আবেদনকারীকে নিজে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয়কোড এবং ফি উল্লেখ থাকবে। ফিসহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

৭। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ**

**ক) নিয়মিত (Regular):** ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০১৮ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

খ) অনিয়মিত (Irregular):

i) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৮ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০১৯ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।

ii) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০১৮ সালের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০১৯ সালের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।

৮। **অনার্স পাঠ্যসূচি (Syllabus):**

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের বিএ, বিএসএস, বিবিএ এবং বিএসসি অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৯। **কলেজের জন্য করণীয়ঃ**

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি Online-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদন গুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/honours4) এ College log-in এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in এর জন্য ওয়েবসাইটে College Profile কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের ছবি (সত্যায়িত) এর ০১(এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১(এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর **নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।**

গ) পরীক্ষার্থীদের অনলাইনে পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে উক্ত পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে ইনকোর্স নম্বরসহ অনলাইনে নিশ্চয়ন করবেন। কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চায়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চায়ন সম্পন্ন হলে অনলাইনে পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) ৪র্থ বর্ষ অনার্স বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ঙ) ইনকোর্স ও মাঠকর্ম পরীক্ষার নম্বর অনলাইনে এন্ট্রি করার সময় ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ৪র্থ বর্ষ অনার্স শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসেবে ধরা হবে।

**বি:দ্র: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফরম পূরণ সংক্রান্ত প্রকাশিত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।**

অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং-রাক/২০০৪(৬০)

তারিখ: ১১/১১/২০১৯

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:**

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী।
২। আহ্বায়ক, ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষা কমিটি-২০১৯, রাজশাহী কলেজ, রাজশাহী।
৩। আইসিটি শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী।
৪। প্রধান তত্ত্বাবধায়ক/তত্ত্বধায়ক, মুসলিম ছাত্রাবাস/ছাত্রীনিবাস/হিন্দু ছাত্রাবাস, রাজশাহী কলেজ, রাজশাহী।
৫। ম্যানেজার, রূপালী ব্যাংক লিমিটেড, কাজী নজরুল ইসলাম সড়ক শাখা, রাজশাহী কলেজ কালেকশন বুথ, রাজশাহী।
৬। ম্যানেজার, DBBL, রাজশাহী।
৭। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
৮। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ ১১/১১/২০১৯
রাজশাহী কলেজ, রাজশাহী